# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৪০১৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৮৬৬ তারিখ: ১৯-০৪-২০২২

বিষয়: দাতা সদস্য হিসেবে অন্তর্ভূক্তি প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ৩১-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৪৩১৬)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন কুমখালী বিবি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে দাতা সদস্য পদ বাদ রেখে অবৈধভাবে ম্যানেজিং কমিটি গঠনের বিরুদ্ধে জনাব কৌস্তভ রঞ্জন সানা একটি অভিযোগ দাখিল করেছেন। দাতা সদস্য বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা কর্তৃক তদন্ত প্রতিবেদন সংযুক্ত করেছেন। এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা এর ২৯-০৩-২০২২ খ্রি. তারিখের উমাশিঅ/পাইক/খুলনা/২০২২/৬১ নং স্মারক পত্র অনুযায়ী দাতা সদস্য হিসেবে কৌস্তভ রঞ্জন সানা এর নাম অন্তর্ভূক্ত করে নির্বাচনি ফলাফল পুনরায় দাখিল করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১৯-০৪-২০২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

প্রধান শিক্ষক
কুমখালী বি বি মাধ্যমিক বালিকা বিদ্যালয় (১১৭২৭৩)
কুমখালী, পাইকগাছা,
খুলনা।

সংযুক্তি: মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিবেদন

নথি নং-বিঅ-৬/৪০১৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৮৬৬ (৬) তারিখ: ১৯-০৪-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, খুলনা।
২। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা।
৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা।
৫। অভিযোগকারী, জনাব কৌস্তভ রঞ্জন সানা (০১৭০৪-৮৮৫৭৭২) , কুমখালী, পাইকগাছা, খুলনা।
৬। অফিস নথি।

১৯-০৪-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা ।

স্মারক নং- উমাশিঅ/পাইক/খুলনা /২০২২ / ৬১ তারিখঃ ২৯/০৩/২০২২ খ্রিঃ ।

বিষয়ঃ কুমখালী বিবি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে দাতা সদস্যকে বাদ রেখে কমিটি গঠনের বিরুদ্ধে অভিযোগের তদন্ত প্রতিবেদন দাখিল প্রসংগে ।

সুত্রঃ মহোদয়ের ১৭/০৩/২০২২ ইং তারিখের লিখিত নির্দেশ মোতাবেক ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রাস্হ স্মারক মোতাবেক নিম্নস্বাক্ষরকারী অভিযোগের বিষয়টি তদন্তের জন্য ২২/০৩/২০২২ ইং তারিখে বিদ্যালয়ে উপস্হিত হয়ে তদন্ত কাজ সম্পন্ন করি । তদন্ত কালে অভিযোগকারী,প্রধান শিক্ষিকা সহ অন্যান্য শিক্ষক/ শিক্ষিকা উপস্হিত ছিলেন । বিদ্যালয়ের রেজুলেশন বহিতে ০৪/০৬/২০১৫ ইং তারিখের সিদ্ধান্তে দেখা যায় যে, সিনিয়র সহকারী জজ আদালত, পাইকগাছা দেওয়ানী ৩৮/০২ মামালার সিদ্ধান্ত মোতাবেক বাবু চিত্ত রজ্জন সানাকে অমৃত্যু বিদ্যালয়ের দাতা সদস্য হিসাবে অন্তর্ভূক্ত করা হয় । আরো উল্লেখ আছে যে, তার মৃত্যুর পর তার ওয়ারেশ এই পদ মর্যাদা ভোগ করবেন । অভিযোগকারীর পিতা বাবু চিত্ত রজ্জন সানা ০৫/০১/২০২০ ইং তারিখে মৃত্যুবরণ করেন । অভিযোগকারী কৌস্তভ রজ্জন সানা, বাবু চিত্ত রজ্জন সানার একমাত্র ওয়ারিশ । দাতা সদস্যের নাম বাদ দিয়া ভোটার তালিকা করে নির্বাচন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে । যাহা বিধি সম্মত নহে ।

এ বিষয়ে প্রধান শিক্ষিকা লিখিত জবাব দাখিল করেছেন । কিন্ত তার জবাব সনোষজনক নহে । প্রকৃত পক্ষে অভিযোগকারী কৌস্তভ রজ্জন সানা ওয়ারিশ সূত্রে দাতা সদস্য হইবার দাবীদার ।

মতামতঃ আদালতের সিদ্ধান্ত অমান্য করিয়া দাতা সদস্যকে না জানিয়ে বা দাতা সদস্যরে নাম ভোটার তালিকায় অর্ন্তভুক্ত না করিয়া ম্যানেজিং কমিটির নির্বাচন সম্পন্ন করা সম্পূর্ন অবৈধ্য ।

মহোদয়ের সদয় অবগাতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রতিবেদন দাখিল করা হলো ।

সংযুক্তিঃ
০১) ভোটার তালিকার ফটোকপি
০২) আদালতের আদেশের কপি ।
০৩) রেজুলেশনের ফটোকপি ।
০৪) প্রধান শিক্ষিকা লিখিত জবাব ।

২৯/০৩/২২
(মোঃ জয়নাল আবদীন )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
পাইকগাছা,খুলনা ।

উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা ।

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয় ঃ কুমখালী বিবি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কমিটি গঠনে দাতা সদস্য পদ বাদ রেখে অবৈধভাবে গঠিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

জনাব,

যথাবিহিত সম্মাণপূর্বক বিনীত নিবেদন এই যে, পাইকগাছা উপজেলাধীন কুমখালী বিবি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আমার পিতা মৃত চিত্ত রঞ্জন সানা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা লগ্নে জমি দান করেন। পাইকগাছা সহকারী জজ আদালতের দেওয়ানী ৩৮/২০০২ নং মামলায় ০৩/০৩/২০১৫ খ্রিঃ তারিখে বিজ্ঞ আদালতের নির্দেশনা মোতাবেক তিনি অত্র প্রতিষ্ঠানের দাতা সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত হবেন মর্মে নির্দেশনা দেন। আদালতের রায়ে তার মৃত্যু অন্তে তার ওয়ারেশগণ দাতা সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত হবেন মর্মে নির্দেশনা আছে। সে মোতাবেক বিদ্যলয় কর্তৃপক্ষ বিগত ০৪/০৬/২০১৫ খ্রিঃ তারিখের ম্যানেজিং কমিটির ১১ নং সভায় আমার পিতাকে দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেন। কিন্তু বর্তমান প্রধান শিক্ষক উক্ত নির্দেশনা অমান্য করে দাতা শ্রেনীর সদস্য পদে মৃত চিত্ত রঞ্জন সানার কোনো ওয়ারেশকে উক্ত বিদ্যালয়ের কমিটি গঠনের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করেন নাই। মৃত চিত্ত রঞ্জন সানার ওয়ারেশ হিসেবে আমি কৌস্তুভ রঞ্জন সানা একমাত্র পুত্র হিসেবে জীবিত আছি। ইতোমধ্যে কমিটি গঠনের পরে আমি বিষয়টি অবগত হয়ে ১৭/০৩/২০২২ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা বরাবর আবেদন করি। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় পাইকগাছা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর তদন্ত পূর্বক ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। যার প্রেক্ষিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিগত ২২/০৩/২০২২ খ্রিঃ তারিখে সরেজমিনে তদন্ত সম্পন্ন করেন। তদন্ত প্রতিবেদন সংযুক্ত। এমতাবস্থায় উক্ত বিদ্যালয়ের কমিটি গঠনের যাবতীয় কার্যক্রম স্থগিত করতঃ পুনরায় নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করার জন্য মহোদয় সমীপে বিনীতভাবে আবেদন করছি।

অতএব, জনাব, অনুগ্রহপূর্বক যাতে কুমখালী বি বি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কমিটি গঠনের কার্যক্রম স্থগিত করে পুনরায় নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন হয় তার বিহিত ব্যবস্থা গ্রহণে একান্ত মর্জি হয়।

বিনীত
নিবেদক
কৌস্তুভ রঞ্জন সানা ৩১/৩/২২
(কৌস্তুভ রঞ্জন সানা)
পিতা- মৃত চিত্ত রঞ্জন সানা
গ্রাম- দক্ষিণ কুমখালী, ডাক- কুমখালী
পাইকগাছা, খুলনা।

তারিখ ঃ পাইকগাছা
৩১/০৩/২০২২ খ্রিঃ

সংযুক্তি ঃ
১। উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন পত্র।
২। উপজেলা নির্বাহী অফিসার আদেশে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা মহোদয় প্রদত্ত তদন্ত প্রতিবেদন।
৩। ওয়ারেশ কায়েম সার্টিফিকেট।